গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নার্সিং শিক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.৪ এর আওতায় 'বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ, ময়মনসিংহ, পর্যবেক্ষণ ও মানোন্নয়ন'-কমিটির পর্যবেক্ষণ পরবর্তী মতবিনিময় সভার কার্যবিবরণী**

সভাপতি : নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
স্থান : ভোমরিক হল, সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ, ময়মনসিংহ।
তারিখ : ০৩-০৯-২০২২ খ্রি:
সময় : বেলা ০২.০০ ঘটিকা

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সূচক ৩.৪ এর আওতায় "বেসরকারি সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজ, ময়মনসিংহ, পর্যবেক্ষণ ও মানোন্নয়ন"-কার্যক্রমটি গ্রহণ করা হয়েছে, যাতে দক্ষ নার্স তৈরীতে শিক্ষার্থী, অভিভাবকদের চাহিদা সুচারুরূপে পূরণের পাশাপাশি বিদেশে প্রেরণের লক্ষ্যে দক্ষ জনশক্তি প্রস্তুতিতে সমস্যাসমূহ চিহ্নিত করে সহজ সমাধানের মাধ্যমে সেবা প্রদান নিশ্চিত করা যায়, প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পায় এবং সুশাসন প্রতিষ্ঠিত হয়। সরকার এই লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তার মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অন্যতম।

**সুশাসনের ০৫টি জবাবদিহিমূলক উপকরণ নিম্নরূপ:**
# জাতীয় শুদ্ধাচার কৌশল;
# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি;
# তথ্য অধিকার;
# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার); এবং
# অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা।

জবাবদিহিতামূলক উপকরণসমূহের সঠিক বাস্তবায়নের মাধ্যমে দ্রুততম সময়ে স্বচ্ছভাবে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।

**শুরুতেই কলেজ ক্যাম্পাস পরিদর্শন করা হয় এবং ক্যাম্পাস পরিদর্শন করে প্রাপ্ত বিষয়গুলো নিয়ে সভায় আলোচনা হয়। অধ্যক্ষ মহোদয় সভায় যেসব তথ্য তুলে ধরেন যা নিম্নরূপ:**

- বর্তমানে উক্ত কলেজে ০৪ (চার) বছর মেয়াদী বিএসি ইন নার্সিং (বেসিক), ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী, ০২ (দুই) বছর মেয়াদী পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সের অনুমোদন রয়েছে এবং ভর্তি প্রক্রিয়া চলমান। উল্লেখ্য, গত ০৩ আগস্ট ২০২২ খ্রি. তারিখে কলেজের অনুমোদন পাওয়া গিয়েছে। ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী কোর্স চলমান রয়েছে।
- ক্লিনিক্যাল প্র্যাক্টিসের জন্য সংশ্লিষ্ট হাসপাতালের নাম – ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।
- বর্তমানে ১৯৮ জন শিক্ষার্থী রয়েছে।
- বর্তমানে সার্বক্ষণিক শিক্ষকের সংখ্যা ১০ জন, এর মধ্যে নার্স শিক্ষক ৭ জন এবং মেডিকেল রিলেটেড শিক্ষক ২ জন এবং নন মেডিকেল ১ জন । খন্ডকালীন শিক্ষকের সংখ্যা ৫ জন।
- বর্তমানে জায়গা/ ভবন এসএসএমআই এর কাছ থেকে ভাড়া হিসাবে নেয়া হয়েছে এবং ভাড়ার চুক্তিপত্র আছে। নিজস্ব জমিতে ভবন নির্মাণাধীন।
- বর্তমানে ৬টি শ্রেণিকক্ষ আছে। আসন সংখ্যা ৬০টি।
- ৭টি ল্যাব আছে।
- অধ্যক্ষ এর অফিস কক্ষ প্রয়োজনীয় আসবাবপত্রসহ সুসজ্জিত আছে এবং শিক্ষকদের কক্ষের পরিধি ছোট হলেও সুসজ্জিত আছে।
- নার্সিং কলেজের জন্য একটি লাইব্রেরি আছে। আসন সংখ্যা ৩০ টি।
- লাইব্রেরিতে নতুন সংস্করণের কিছু সংখ্যক নার্সিং বই ও জার্নাল আছে।
- বর্তমানে কোন অডিটোরিয়াম নাই।

- জেনারেল অফিস কক্ষ, হিসাব কক্ষ ও ক্যাশিয়ার কক্ষ, অডিও ভিজ্যুয়াল এড রুম, স্টোর ও প্রেয়ার রুম আছে। তবে আকারে ছোট।
- ছাত্র/ছাত্রীদের জন্য কোন কমন রুম নাই।
- ভাড়া বাড়িতে হোস্টেলের কার্যক্রম চলমান। হোস্টেলের প্রয়োজনীয় আসবাবপত্র আছে এবং নিরাপত্তার ব্যবস্থা ও আছে।
- বিষয়ভিত্তিক ব্যবহারিক উপকরণসহ স্কেলিটন, মানবদেহের যথেষ্ট সংখ্যক হাড়, মডেল চার্ট, চকবোর্ড, হোয়াইট মার্কার বোর্ড, ওভার হেড প্রজেক্টর, কম্পিউটার, ইন্টারনেট সুবিধা আছে।
- প্রিন্সিপাল ও ভাইস-প্রিন্সিপাল কর্মরত রয়েছেন।

সভাপতি বলেন, সালেসিয়ান সিস্টার্স নার্সিং কলেজের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য আজকের সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। । সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) অদ্যকার সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভায় অংশগ্রহণকারী সদস্যগণ যেমন-জেলা প্রশাসকের প্রতিনিধি, উক্ত কলেজের গভর্নিং বডির সদস্য, শিক্ষক এবং ছাত্র-ছাত্রীগণ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**<u>সার্বিক আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে:</u>**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ০১. | দ্রুত নির্মাণাধীন ভবনের কাজ সম্পন্ন করা। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০২. | দ্রুত শিক্ষক নিয়োগ সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৩. | শ্রেণিকক্ষের আসবাবপত্র এবং ল্যাব এর প্রয়োজনীয় উপকরণ ক্রয় করতে হবে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৪. | লাইব্রেরিতে বই এবং আসন সংখ্যা বৃদ্ধি করতে হবে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৫. | নতুন ভবন তৈরী সম্পন্ন হলে অডিটোরিয়াম নতুন ভবনে স্থানান্তর করা যেতে পারে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৬. | শিক্ষক লাউঞ্জ, ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা কমন রুম স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৭. | বিদ্যুৎ সাশ্রয় করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হয়। | অধ্যক্ষ |
| ০৮. | ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৯. | সৌন্দর্য বর্ধনের জন্য মৌসুমী ফুল এবং ফল জাতীয় বৃক্ষ রোপন করতে হবে। | অধ্যক্ষ/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ১০. | Student council বা ছাত্র কল্যাণমূলক সংগঠন গঠন, অভিযোগ বাক্স স্থাপন, সিটিজেন চার্টার হালনাগাদকরণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালুকরণ, যৌন হয়রানি প্রতিহত করার জন্য মহিলা শিক্ষকদের নিয়ে কমিটি গঠন, ওয়েব সাইট হালনাগাদ করা, তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ওয়েব সাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ |
| ১১. | ইংরেজি শিক্ষা এবং চর্চার প্রতি গুরুত্ব প্রদান করতে হবে। | অধ্যক্ষ |
| ১২. | নার্সিং পেশার মানদন্ড অনুযায়ী নৈতিক শিক্ষার প্রতি গুরুত্ব প্রদান করতে হবে। | অধ্যক্ষ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০।৯।২২

নীতিশ চন্দ্র সরকার
অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এবং
"ময়মনসিংহ সরকারি নার্সিং কলেজ, ময়মনসিংহ, পর্যবেক্ষণ ও মানোন্নয়ন"- শীর্ষক কমিটির সভাপতি,
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।